

## সামিট পাওয়ারের ৩৫ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদন



ছবি ক্যাপশন: চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের সভাপতিত্বে রাজধানীর খামারবাড়ীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে সামিট পাওয়ার লিমিটেডের ২২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

(ঢাকা) ২৪শে নভেম্বর ২০১৯, রবিবার: ২২তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে লভ্যাংশ অনুমোদনের পর সামিট পাওয়ার লিমিটেডের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “ঢানা দুই বছর ৩০ শতাংশ নগদ লভ্যাংশ অনুমোদনের পর এই বছর ৩৫ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করতে পেরে আমরা সন্তুষ্ট।”

তিনি আরও বলেন, “এই বছর সামিটের বিদ্যুৎ কেন্দ্রের সর্বোত্তম রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য সামিট পাওয়ার, ফিনল্যান্ডের প্রযুক্তি প্রতিষ্ঠান ওয়ার্টসিলাকে, বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতে উৎপাদন ক্ষমতা সাপেক্ষে এযাবৎকালের সর্ববৃহৎ সেবা চুক্তি (মেগাওয়াট উৎপাদনের দিক থেকে) প্রদান করেছে। এইস এলাইয়েন্স পাওয়ার লিমিটেডের প্রকল্প অর্থায়নের জন্য আমরা অগ্রাধিকারমূলক শেয়ার ইস্যুর মাধ্যমে টাকা ৮০৫ মিলিয়ন সমমূল্যের মূলধন এবং ইডকল (IDCOL), আইসিডি (ICD), ওএফআইডি (OFID) থেকে মার্কিন ডলার ৬৮.৬০ মিলিয়ন দীর্ঘমেয়াদী ঋণ উত্তোলন করেছি। এছাড়া এই বৈদেশিক ঋণের লন্ডন আন্তব্যাংক সুদ হারের (লাইবর) তারতম্য থেকে কোম্পানীকে সুরক্ষিত করার জন্য, আমরা সুদহার সোয়াপ (আইআরএস) সম্পাদন করেছি। আমরা কোম্পানীর

জবাবদিহিতা এবং কাজের অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ইআরপি) বাস্তবায়িত করেছি।”

সামিট পাওয়ার লিমিটেডের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত ছিলেন কোম্পানীর ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান, পরিচালকবৃন্দের মধ্যে ছিলেন আঞ্জুমান আজিজ খান, জাফর উম্মিদ খান, ফয়সাল করিম খান, আজিজা আজিজ খান, সৈয়দ ফজলুল হক, এফসিএ, হেলাল উদ্দীন আহমেদ, আরিফ আল ইসলাম এবং ব্যবস্থাপনা পরিচালক লে. জে. (অব.) প্রকৌশলী আবদুল ওয়াদুদ। স্বতন্ত্র পরিচালকদের মধ্যে উপস্থিত ছিলেন ফারুক আহমেদ সিদ্দীকী এবং ফাইন্যান্সিয়াল কন্ট্রোলার অ্যান্ড কোম্পানির সেক্রেটারি স্বপন কুমার পাল এফসিএ-সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সংক্ষেপে সামিট পাওয়ার লিমিটেড:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় ট্রিপল ‘এ’ রেটিং প্রাপ্ত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠান। এটি সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান। সামিট বর্তমানে জাতীয় গ্রীডের জন্য ১,৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। সামিট গ্রুপ বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সালে থেকে টানা পাঁচবার সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের পুরস্কার পেয়ে আসছে। সামিট পাওয়ার লিমিটেড ২০০৫ সালে ঢাকা এবং চট্টগ্রাম উভয় স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির পর থেকেই ধারাবাহিকভাবে লভ্যাংশ দিয়ে আসছে।

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫ | সামিট কর্পোরেশন লিমিটেড।

বিস্তারিত জানতে ভিজিট করুন: [www.summitpowerinternational.com](http://www.summitpowerinternational.com) এবং সামিটের ফেইসবুক, টুইটার, লিংকডইন অনুসরণ করুন।